# কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ

## প্রকৌশল অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০২৪-২০২৫ সেশনে এমএসসি ইঞ্জিনিয়ারিং (বহিরাগত শিক্ষার্থী) ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং অনুষদের অধীনে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমএসসি ইঞ্জিনিয়ারিং ১ম সেমিস্টারে শূণ্য আসনে ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ফর্ম রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.ru.ac.bd) অথবা বিভাগীয় অফিস থেকে সংগ্রহ করা যাবে।

যোগ্যতা:

- যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ব্যতীত) অথবা রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ থেকে (CS/CSE/CST/ESE/ICE/ICT বিভাগ) চার বছর মেয়াদী বিএসসি ইঞ্জিনিয়ারিং/অনার্স ডিগ্রী অর্জনকারীগণ আবেদন করতে পারবে।
- আবেদনকারী প্রার্থীকে বিএসসি ইঞ্জি./বিএসসি অনার্স) এ ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪ স্কেলে) থাকতে হবে।
- আবেদনকারী প্রার্থী বিএসসি ইঞ্জিনিয়ারিং/বিএসসি অনার্স পাশের ৩ বছরের মধ্যে আবেদন করতে পারবে।

শর্তাবলী:

- যথাযথ পূরণকৃত প্রাথমিক আবেদনপত্র আগামী ০৩.০৯.২০২৬ তারিখ থেকে ২৭.০৯.২০২৬ তারিখ বিকাল ০৪ ঘটিকার মধ্যে বিভাগীয় কার্যালয়ে ১,০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে পরীক্ষায় অংশ নেয়ার জন্য প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট/ ট্রান্সক্রিপ্ট, শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্রের সত্যায়িত কপি এবং ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ফর্মের সঙ্গে সংযুক্ত করে জমা দিতে হবে।
- আবেদনকারী শিক্ষার্থীর অধ্যায়নকৃত প্রোগ্রামের সাথে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের কোর্স কারিকুলাম ও ক্রেডিট সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
- এমএসসি ইঞ্জিনিয়ারিং পূর্ণকালীন হওয়ায় চাকুরীরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং কোর্সে চলাকালীন সময়ে পূর্ণকালীন ছুটিতে থাকতে হবে।

ভর্তি পরীক্ষা:

১. ভর্তি পরীক্ষার পূর্ণমান ১০০
 ক. লিখিত পরীক্ষার পূর্ণ নম্বর ৭০ এবং মৌখিক পরীক্ষার পূর্ণ নম্বর ৩০
 খ. লিখিত পরীক্ষার সময় ৩ ঘন্টা
 গ. লিখিত পরীক্ষার পাস নম্বর নূন্যতম ৪০%
 ঘ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে

২. ক. লিখিত পরীক্ষা গ্রহণ: ০৩.১০.২০২৬ তারিখ
 খ. লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ: ০৩.১০.২০২৬ তারিখ
 গ. মৌখিক পরীক্ষা গ্রহণ: ০৩.১০.২০২৬ তারিখ
 ঘ. যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ: ০৫.১০.২০২৬ তারিখ

৩. ১২.১০.২০২৬ তারিখ সাক্ষাতকার গ্রহণ করা হবে। সাক্ষাতকারের সময় সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট ও অন্যান্য দলিলাদির মূল কপি সাথে নিয়ে আসতে হবে এবং প্রদর্শন করতে হবে।

৪. সাক্ষাতকার শেষে মেধাক্রমের ভিত্তিতে নির্ধারিত আসনে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তির জন্য সুপারিশ করা হবে।

৫. নির্বাচিত প্রার্থীদের রাজশাহী বিশ্ববিদ্যালয় নির্ধারিত ভর্তি ফি প্রদান পূর্বক বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হবে।

৬. আবেদনকারীদের নিজ নিজ বিশ্ববিদ্যালয় হতে সংগৃহীত মাইগ্রেশন সার্টিফিকেট ভর্তির সময় জমা দিতে হবে।

৭. ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়াবলী পরিবর্তন, পরিমার্জন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা অনুষদ কর্তৃক সংরক্ষিত।

(প্রফেসর ড. মো: রোকানুজ্জামান)
সভাপতি
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

D:\CSE\Masters For Outer Student\2026\Notice_Admission_2026.Docx